

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আজমিরীগঞ্জ উপজেলার নিম্নে উল্লেখিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে আগামী ০৭/০৩/২০২৪ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয় করা হবে। নিলাম ডাকে আগ্রহী ব্যক্তিগণকে জামানতের টাকা উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারে (সোনালী ব্যাংক, আজমিরীগঞ্জ শাখায়) জমা দিয়ে নিলামের সময় কপি দাখিল পূর্বক অংশগ্রহণ করতে হবে।

নং	বিদ্যালয়ের নাম	নিলামকৃত মালামালের বিবরণ	জামানতের পরিমাণ (টাকা)	মালামাল অপসারণের সময়সীমা
১	কাকাইলছেও সরকারি প্রাথমিক বিদ্যালয়, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।	পুরাতন ভবন (উপরে টিন)	১৫৬৪৩/-	০৭ (সাত) দিন

শর্তাবলী :

- প্রাক্কলিত মূল্য অনুযায়ী সর্বোচ্চ ডাক গ্রহণ করা হবে। তবে কোন কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ যে কোন ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
- যার ডাক গৃহীত হবে তিনি ডাকের সম্পূর্ণ টাকা ০৩ (দিন) দিনের মধ্যে জমা দিতে বাধ্য থাকবেন, ০৩ (দিন) দিনের মধ্যে ডাকের সাকুল্য মূল্য জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। নিলামকৃত পুরাতন ভবন যে অবস্থায় আছে কার্যাদেশ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে বিদ্যালয়ের সভাপতি/প্রধান শিক্ষকের নিকট হতে বুঝে নিতে হবে এবং বিদ্যালয়ের জায়গা খালি করে দিতে হবে।
- সরকারি বিধি মোতাবেক ড্যাট ও আইটি জমা প্রদান করতে হবে।

স্বাক্ষরিত

মোঃ হাসিবুল ইসলাম
উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

ও
সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।

তারিখ : ২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

স্মারক নং-উশিঅ/আজ/হবি/২০২৪/৬৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।
- উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা নিলাম কমিটি, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ।
- উপজেলা প্রকৌশলী, এলজিইডি, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ। (উক্ত তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিলামে উপস্থিত থাকা ও তাঁর অফিসের নোটিশ বোর্ডে উক্ত বিজ্ঞপ্তি টানানোর অনুরোধসহ)।
- চেয়ারম্যান, কাকাইলছেও, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ। (বহল প্রচারের অনুরোধসহ)।
- সভাপতি/প্রধান শিক্ষক, কাকাইলছেও সরকারি প্রাথমিক বিদ্যালয়, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ। (তাঁকে যথাসময়ে নিলাম ডাকে উপস্থিত থাকা এবং তাঁর অফিসের নোটিশ বোর্ডে উক্ত বিজ্ঞপ্তি টানানোসহ বহল প্রচারের অনুরোধ করা হলো)।
- সহকারী পোষ্টম্যান, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ। (সংশ্লিষ্ট ওয়েব সাইটে বিজ্ঞপ্তি আপলোডের অনুরোধসহ)।
- হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ। (ওয়েব সাইট, ফেইসবুক পেইজ ও নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি আপলোডের অনুরোধসহ)।
- অফিস কপি।

স্বাক্ষরিত

মোঃ হাসিবুল ইসলাম
উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

ও
সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।